



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি (পার্ট-২)/২০২১/ ১১৬৭৪

তারিখ: ১৬/০১/২০২৩ খ্রি:

বিষয়: যৌন নিপীড়ন প্রতিরোধকল্পের মাননীয় উচ্চ আদালতের রিট পিটিশন নম্বর ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে 'অভিযোগ কমিটি' গঠন প্রসঙ্গে।

সূত্র : ইউজিসির স্মারক নং-ইউজিসি/প্রশা:/৪(২১৬)/২০১৯/অংশ-২/৩২৮৪, তারিখ: ১৬/১০/২০২২খ্রি.


বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নম্বর ৫৯১৬/২০১৮ এর রায়ে শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে বেশ কিছু নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার মধ্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে 'অভিযোগ কমিটি' গঠন অন্যতম।

মহামান্য হাইকোর্টের রায়ে নিম্নরূপে 'অভিযোগ কমিটি' গঠনের কথা বলা হয়েছে:

- অভিযোগ গ্রহণের জন্য, তদন্ত পরিচালনার জন্য এবং সুপারিশ করার জন্য সরকারি বেসরকারি সকল কর্মক্ষেত্রে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটি কমিটি গঠন করবে।
- কমপক্ষে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে যার বেশিরভাগ সদস্য হবেন নারী। সম্ভব হলে কমিটির প্রধান হবেন নারী।
- কমিটির দুইজন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহিরে অন্য প্রতিষ্ঠান থেকে নিতে হবে, যে প্রতিষ্ঠান জেভার এবং যৌন নির্যাতনের বিরুদ্ধে কাজ করে।
- অভিযোগ কমিটি সরকারের কাছে এ নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত বাৎসরিক অভিযোগ প্রতিবেদন পেশ করবে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নম্বর ৫৯১৬/২০১৮ এর রায়ের নির্দেশনার আলোকে আপনার প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধে একটি 'অভিযোগ কমিটি' গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে



(মো: রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবা: ০১৭০৫-৪০৮০০১


প্রাপক

- অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
- সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি (সকল)।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি (পার্ট-২)/২০২১/ ১১৬৭৪(৬) তারিখ: ১৬/০১/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- প্রো-ভাইস চ্যান্সেলর এর একান্ত সচিব (অ.দা.), (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অফিস নথি।


তারিখ: ১৬/০১/২০২৩
(ফাহাদ আহমদ মোমতাজী)
সহকারী রেজিস্ট্রার